



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
বহরমপুর, রাজশাহী-৬০০০।

পরিদর্শনের তারিখঃ ২০.০৫.২০২৫

পরিদর্শনকৃত দপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী রিজিয়ন, রাজশাহী

২০২৪-২০২৫ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ফোকাল পয়েন্ট কর্তৃক আওতাধীন দপ্তর পরিদর্শন সংক্রান্ত চতুর্থ প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন

[(১.২) ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ]

মাঠ পর্যায়ে সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে ফোকাল পয়েন্ট হিসাবে নিম্নস্বাক্ষরকারী ২০.০৫.২০২৫ ইং তারিখ সকাল প্রায় ১১:৩০ ঘটিকার সময় রাজশাহী রিজিয়ন, রাজশাহী দপ্তরে গমন করেন। রাজশাহী রিজিয়ন দপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর সাথে সাক্ষাৎ এবং মত বিনিময় করা হয়। সেখানে সিটিজেন চার্টার বিষয়ে রাজশাহী রিজিয়ন এর আওতাধীন জোনাল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা করা হয় এবং সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সিটিজেন চার্টার অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ ও পরিদর্শন করা হয়। রাজশাহী রিজিয়ন দপ্তরের সিটিজেন চার্টার বিষয়ে সংশ্লিষ্ট ডকুমেন্ট ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে স্টেক হোল্ডার/উপকারভোগীদের সুবিধার লক্ষ্যে দপ্তরের সম্মুখে টাংগানোর জন্য নির্বাহী প্রকৌশলী-কে পরামর্শ প্রদান করা হয়। রাজশাহী রিজিয়ন দপ্তরে অনুষ্ঠিত সভায় ও পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী-কে নিম্নোক্ত বিষয়ে পরামর্শ/নির্দেশনা দেয়া হয়।

মন্তব্য/সুপারিশঃ

- ১। চতুর্থ প্রান্তিকে সভা করে সিটিজেন চার্টার আপডেট করতে হবে;
- ২। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে সেবা গ্রহণকারীগণ সহজে দেখতে পারে এমন স্থানে/অফিসের সম্মুখে টাংগানোর ব্যবস্থা নিতে হবে;
- ৩। প্রতি প্রান্তিকে কমিটি পুনর্গঠন করে পত্র জারী করতে হবে;
- ৪। নিয়মিত প্রান্তিক ভিত্তিক সিটিজেন চার্টার নিয়ে আওতাধীন জোন দপ্তর প্রধানগণকে নিয়ে সভা করতে হবে;
- ৪। সিটিজেন চার্টার নিয়ে সভা শেষে প্রতিবেদন প্রস্তুত ও সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (রেজুলেশন থাকতে হবে);
- ৫। সিদ্ধান্ত মোতাবেক কাজ বাস্তবায়ন করতে হবে এবং তা সঠিকভাবে হচ্ছে কিনা সে বিষয়ে মাঝে মাঝে পর্যবেক্ষণ করতে হবে;
- ৬। মাঠ পর্যায়ের (জোন দপ্তরের) সকল জোনের সিটিজেন চার্টার বিষয়ে তদারকী করতে হবে;
- ৭। সিটিজেন চার্টার হালনাগাদকরণ করে প্রতিবেদনসহ আগামী ২৩.০৬.২০২৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।



(ড. মোঃ ইকবাল হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা)
বিএমডিএ, রাজশাহী

ও

ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার বাস্তবায়ন।